

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৩২

२०/ जिशापत कायीनाठ (إليه عن رسول الله عن ا

পরিচ্ছেদঃ ৭. আল্লাহ তা'আলার রাস্তায় যে লোকের পদদ্বয় ধুলি-মলিন হয় তার মর্যাদা

باب مَا جَاءَ فِي فَصْل مِن اغْبَرَّتْ قَدَمَاهُ فِي سَبِيلِ اللَّهِ

আরবী

حَدَّتَنَا أَبُو عَمَّارٍ الْحُسَيْنُ بْنُ حُرَيْت، حَدَّتَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِم، عَنْ يَزِيدَ بْنِ أَبِي مَرْيَم، قَالَ لَحِقَنِي عَبَايَةُ بْنُ رِفَاعَة بْنِ رَافِعٍ وَأَنَا مَاش، إِلَى الْجُمُعَةِ فَقَالَ أَبْشِرْ فَإِنَّ خُطَاكَ هَذِهِ فِي سَبِيلِ اللَّهِ سَمِعْتُ أَبَا عَبْسٍ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنِ اغْبَرَّتْ سَبِيلِ اللَّهِ سَمِعْتُ أَبًا عَبْسٍ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنِ اغْبَرَّتْ قَدَمَاهُ فِي سَبِيلِ اللَّهِ فَهُمَا حَرَامٌ عَلَى النَّارِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مَرَيبٌ مَن عَرِيبٌ مَرَيبٌ مَوْلُ قَالُ رَسُولُ النَّهِ عَيْدُ وَلَحِيثٌ . وَأَبُو عَيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مَن عَريبٌ مَن أَبِي مَرْيَمَ هُوَ رَجُلٌ شَامِي أَصْحَابِ النَّبِي صلى الله عليه وسلم . قَالَ أَبُو عِيسَى يَزِيدُ بْنُ أَبِي مَرْيَمَ هُوَ رَجُلُ شَامِي لَوَى عَنْهُ الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ وَيَحْيَى بْنُ حَمْزَةَ وَغَيْرُ وَاحِدِ مِنْ أَهْلِ الشَّامِ وَبُرَيْدُ بْنُ أَبِي مَرْيَمَ هُوَ رَجُلُ شَامِي مُرْيَمَ كُوفِي ّ أَبُوهُ مِنْ أَصِحَابِ النَّبِي صلى الله عليه وسلم وَاسْمُهُ مَالِكُ بْنُ رَبِيعَةَ وَبُرَيْدُ بْنَ أَبِي مَرْيَمَ سَمِعَ مِنْ أَسُو بْن أَلْسِ بْنِ مَالِكَ وَرَوَى عَنْ بُرَيْدِ بْنِ أَبِي مَرْيَمَ أَبُو إِسْحَاقَ الْهَمْدَانِيُّ وَعَطَاءُ بْنُ السَّائِبِ وَيُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ وَشُعْبَةُ أَحَادِيثَ .

বাংলা

১৬৩২। ইয়াযীদ ইবনু আবৃ মারইয়াম (রাহঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি পায়ে হেটে জুমুআর সালাত আদায় করতে যাচ্ছিলাম। এ সময় আবাইয়া ইবনু রিফাআ ইবনু রাফি (রাঃ) আমার সাথে মিলিত হন। তিনি (আমাকে) বললেন, তোমার জন্য সুখবর। আল্লাহ্ তা'আলার রাস্তায়ই তোমার এই পথ চলা। আবৃ আবৃস (রাঃ)-কে আমি বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ্ তা'আলার রাস্তায় যে লোকের পা দুটি ধুলিমলিন হয় তা জাহান্নামের আগুনের জন্য হারাম হয়ে যায়।

সহীহ, ইরওয়া (১১৮৩), বুখারী

এ হাদীসটিকে আবূ ঈসা হাসান গারীব সহীহ বলেছেন। আবূ আব্স-এর নাম আবদুর রাহমান ইবনু জাবর। আবূ



বকর (রাঃ) ও আরো একজন সাহাবী হতে এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে।

আবৃ ঈসা বলেন, ইয়াযীদ ইবনু আবৃ মারইয়াম হচ্ছেন সিরিয়ার অধিবাসী। তার সূত্রে ওয়ালীদ ইবনু মুসলিম, ইয়াহইয়া ইবনু হামযা এবং আরো কয়েকজন সিরীয় মুহাদ্দিস হাদীস বর্ণনা করেছেন। অপরদিকে কৃফার অধিবাসী বুরাইদ ইবনু আবৃ মারইয়ামের পিতা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীদের অন্তর্ভুক্ত। তার নাম মালিক, পিতা রাবীআ। বুরাইদ ইবনু আবী মারইয়াম আনাস ইবনু মালিকের নিকট হাদিস শুনেছেন। আবৃ ইসহাক আল হামদানী, আতা ইবনুস সাইব, ইউনুস ইবনু আবী ইসহাক ও শুবা প্রমুখ মুহাদ্দিসগণ বুরাইদ ইবনু আবী মারইয়াম হতে হাদীস বর্ণনা করেছেন।

English

Narrated Yazid bin Abu Maryam:

"Abayah bin Rifa'ah bin Rafi' met me while I was walking to the Friday prayer. He said: 'Have glad tidings, for indeed these footsteps of yours are in the cause of Allah. I heard Abu 'Abs say: "The Messenger of Allah (ﷺ) said, 'Whoever get his two feet dusty in the path of Allah, then they are prohibited for the Fire.'"

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih Gharib. Abu 'Abs's name is 'Abdur-Rahman bin Jabr. There are narrations on this topic from Abu Bkar and a man from the Companions of the Prophet (ﷺ).

He said: Yazid bin Abi Maryam is a man from Ash-Sham. Al-Walid bin Muslim, Yahya bin Hamzah, and some others among the people of Ash-Sham report from him.

Buraid bin Abi Maryam is form Al-Kufah. His father is one of the Companions of the Prophet (ﷺ) whose name was Malik bin Rabi'ah. [Buraid bin Abi Maryam heard from Anas bin Malik. Abu Ishaq Al-Hamdani, 'Ata bin As-Sa'ib, Yunus bin Abi Ishaq, and Shu'bah reported Ahadith from Buraid bin Abi Maryam].

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ ইয়াযীদ ইবন আবু মারইয়াম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন